পেশেন্ট পার্টিসিপেশন গ্রুপ (পিপিজি)

১৮/১২/১৪ তারিখে হোয়াইটচ্যাপেল হেলথ্ সেন্টারে অনুষ্ঠিত
মিটিঙ্গের সংক্ষিপ্ত বিবরণ

উপস্থিত	
এড রোজেন (চেয়ার)	ডাইরেক্টর অফ পেশেন্ট এক্সপিরিয়েন্স, এঙ্গেজমেন্ট এ্যান্ড কমিউনিটি
আফরোজা আখতার (মিনিটস/বিবরণ))	প্র্যাকটিস ম্যানেজার
৬৪৩, ২৫৪৪, ৭০৯৭, ৭৮৪৫, ৪৪৩৬, ৯৪০৪, ২৩৭৮৬, ২৪১০৪, ১৬২১,	যারা (রোগী) মিটিঙ্গে উপস্থিত ছিলেন

অনুপস্থিতির জন্য ক্ষমাপ্রার্থী	
তারেক রাদওয়ান	ডাইরেক্টর
হাসনাইন আব্বাসী	ডাইরেক্টর

নং	মিটিঙে আলোচনার বিষয়সূচি	কি করা হবে (এ্যাকশন)
	এড গতবারের মিটিঙ্গের সংক্ষিপ্ত বিবরণ এবং আমরা সে অনুযায়ী কি কি কাজ করেছি তা আলোচনা করেন . • ওয়াটার ডিস্পেন্সার (খাবার পানির মেশিন) – আমরা বিভিন্ন কোম্পানি, যারা এই জাতীয় মেশিন সরবরাহ করেন, তাদের সাথে যোগাযোগ করে এই মেশিনের মুল্য জানার চেষ্টা করছে। আমরা আশা করছি যে জানুয়ারী মাসের প্রথম দিকে এই মেশিন বসানো হবে। • রোগীরা চান যে ‘মাই ওয়ে’ এর জন্য কর্মশালা (ওয়ার্কশপ) অনুষ্ঠিত হোক – তারিখ গুলি আমাদের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে এবং লিফলেট বিতরণ করা হবে। আমরা চেষ্টা করব আগামি বসন্তের (স্প্রিং) প্রথম দিকে তা করতে পারব। • এ টি মেডিকসের ডাইরেক্টরদেরকে পেশেন্ট গ্রুপ মিটিঙ্গে উপস্থিত থাকতে হবে –ডাঃ রাদওয়ান এবং ডাঃ হাসনাইনের সাথে রোগীরা যথাক্রমে মঙ্গলবার ও বুধবারে দেখা করতে পারবেন। তাঁরা তখন সার্জারীতে উপস্থিত থাকবেন। আগামীতে যে মিটিং গুলি হবে তার একটিতে - ফেব্রুয়ারীর শেষের দিকে অথবা মার্চ মাসের প্রথম দিকে – এ টি মেডিকসের একজন ডাইরেক্টরকে উপস্থিত থাকার ব্যবস্থা করব। • পেশেন্ট গ্রুপ মিটিঙ্গের তারিখ – প্রতি ২ মাস পরপর মিটিঙ্গের জন্য তারিখ ঠিক করা হবে এবং সেটা মিটিং শেষ হওয়ার পর করা হবে। তারিখ এবং মিটিঙ্গের সংক্ষিপ্ত বিবরণ পরবর্তি মিটিঙ্গের ২ সপ্তাহ আগে পাঠিয়ে দেওয়া হবে। • মিটিঙ্গের সংক্ষিপ্ত বিবিরণ (মিনিটস) – মিটিঙ্গের সংক্ষিপ্ত বিবরণগুলি এই সংস্থার জ্যষ্ঠ (সিনিয়র) পার্টনারদের কাছে পাঠানো হয় যাতে তাঁরা আমাদের রোগীদের চাহিদা সম্পর্কে সচেতন থাকতে পারেন। যারা এই মিটিঙ্গে অংশগ্রহন করেননি তাঁদেরকে জানানোর জন্য মিনিটস গুলি নোটিশ বোর্ডেও টাঙ্গিয়ে রাখা হয়। • বাঙ্গালি ডাক্তারের জন্য অনুরোধ – একজন বাঙ্গালি ডাক্তারের জন্য রোগীরা অনুরোধ করেছেন। এ টি মেডিকস ডাঃ নাফিসকে নিয়োগ করেছে যিনি অক্টোবর মাসের মাঝামাঝি থেকে দায়িত্ব পালন করছেন। ডিসেম্বর মাসের শেষের দিকে তিনি চলে যাবেন। তাঁর বদলি হিসাবে আরেকজন বাঙ্গালি ডাক্তারকে এ টি মেডিকস নিয়োগ করেছে। ডাঃ তারিক হক জানুয়ারী মাস থেকে কাজ শুরু করবেন এবং তিনি সপ্তাহে ২টি সেশন করবেন। • মহিলা ডাক্তার – আমাদের একমাত্র মহিলা ডাক্তার ডাঃ লুনার সাথে এ্যাপয়েন্টমেন্ট পেতে রোগীদের সমস্যা হয়। মহিলা রোগীদের সুবিধার জন্য আমরা ডাঃ গ্যালেন্সিয়াকে, যিনি বুধবার দিন কাজ করেন, আমাদের সার্জারীতে নিয়মিত ভাবে রেখেছি এবং একই সাথে রয়েছেন জেইন ব্ল্যাক যিনি ‘অন দা ডে পেশেন্ট’ দেখেন (যেদিন অনুরোধ করা হবে সেই দিনই রোগী দেখার ব্যবস্থা)। • ডাঃ লুনার সাথে এ্যাপয়েন্টমেন্টের চাহিদা – রোগীরা অনুরোধ করেছেন যে ডাঃ লুনার এ্যাপয়েন্টমেন্টগুলির অর্ধেক হওয়া উচিৎ ‘প্রী-বুকড’ বা আগে থেকে বুক করা এবং বাকি অর্ধেক হবে ‘অন দা ডে’ বা একই দিনে পাওয়া যায় এমন, যেটা আমরা ইতিমধ্যেই করা শুরু করেছি।	

নং	মিটিংঙে আলোচনার বিষয়সূচি	কি করা হবে (এ্যাকশন)
1	সোশ্যাল মিডিয়া বা সামাজিক মাধ্যম একটি অনলাইন ফোরাম এর জন্য রোগীদের পক্ষ থেকে অনুরোধ এসেছে। যারা যারা এই ব্যাপারে আগ্রহী তাঁদের কারো কারো ইমেইল এ্যাড্রেস আফরোজার কাছে আছে। রোগীরা চান যে আফরোজা এই ফোরামের ব্যবস্থা করেন। সামাজিক মাধ্যমে ফোরাম ব্যবহার করে হাজার হাজার মানুষ একে অপরের সাথে যোগাযোগ করেন। কিছু রোগী আছেন যাদের ইমেইল নেই - এই বিষয়টিও তুলে ধরা হয়েছে। এই দুই দলের ভিতরেই আলাপ আলোচনা এবং চিন্তা ভাবনার আদান প্রদান হওয়াটা ভালো এবং উভয় দল থেকে দুইজন করে প্রতিনিধি আমাদের পেশেন্ট গ্রুপের সভায় তাঁদের আলোচনার বিষয়গুলি তুলে ধরবেন।	আমরা চিন্তাভাবনা করে দেখব কিভাবে এর ব্যবস্থা করা যায় এবং কিভাবে ইমেইল কমিউনিটি গড়ে তোলা যায়।
২	**ফ্যামিলি এ্যান্ড ফ্রেন্ডস টেস্ট (এফএফটি)** এনএইচএস ফ্রেন্ডস এ্যান্ড ফ্যামিলি টেস্ট (এফএফটি) কি এবং যে উপায়ে সেবা ও চিকিৎসা দেওয়া হয় সে সম্পর্কে মতামত দেওয়ার এই সুযোগটি রোগীদের জন্য কেন গুরুত্বপূর্ণ, এই বিষয়টি এড বুঝিয়ে বলেন। সবার জন্য সেবা দান উন্নত করার লক্ষে, রোগীদের মতামত, এনএইচএস ইংল্যান্ড কে সাহায্য করবে। ১লা ডিসেম্বর ২০১৪ থেকে এই এফএফটি ব্যবস্থাটি সকল জিপি সার্জারীতে চালু করা হয়েছে। এই ব্যবস্থার মাধ্যমে, একই ধরনের সেবা বা চিকিৎসার প্রয়োজন হলে, রোগীরা তাদের আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবের কাছে এই সার্জারীর সার্ভিসকে সুপারিশ করবেন কিনা তা জানতে চাওয়া হবে। তার মানে আমাদের সার্জারীর সাথে নিবন্ধিত (রেজিস্টার্ড) প্রত্যেক রোগী সহজেই সেবার মান নিয়ে তাঁদের মতামত দিতে পারবেন এবং এতে করে সার্জারী তাদের রোগীদের চাহিদা আরো ভালভাবে বুঝতে পারবে ও সেবার মান আরো উন্নত করতে সক্ষম হবে। বেশ কয়েকটা সার্জারী এই বিষয়ে লীফলেট দেওয়া শুরু করে দিয়েছে এবং এটা হাসপাতাল গুলিতেও করা হবে। প্রশ্নঃ একজন রোগী জানতে চেয়েছেন যে আরো রোগী নেওয়ার ক্ষমতা এই সার্জারীর আছে কি না? উত্তরঃ অল্ডগেইট এলাকায় আরো বড় একটি জায়গায় এই সার্জারী স্থানান্তর করার পরিকল্পনা করা হচ্ছে। তার মানে, হ্যা, আরো রোগী নেওয়ার ক্ষমতা আমাদের আছে। আরো ডাক্তার নিয়োগ করতে হলে আরো বড় জায়গার প্রয়োজন। আমরা আশা করছি আগামী ২ বছরের মধ্যে নতুন জায়গায় যেতে পারবো। সার্জারীর স্থান পরিবর্তন আরো তাড়াতাড়ি করার জন্য এই বিষয়ে আমাদের রোগীদের মত প্রকাশের অধিকার আছে।	ফ্রেন্ডস এ্যান্ড ফ্যামিলি টেস্টের লীফলেট রিসেপশনে রাখা হবে যাতে রোগীরা সেগুলি পূরণ করতে পারেন।
৩	টেলিফোনের ম্যাসেজ টেলিফোনে যে ম্যাসেজ শোনা যায় সে ব্যপারে, আফরোজা আমাদের রোগীদের মতামত জানতে চেয়েছন। রোগীরা আফরোজাকে বলেছেন যে ম্যাসেজ বেশী লম্বা।	রোগীরা আবার ম্যাসেজ শুনবেন এবং পরবর্তি মিটিঙ্গের আগে আফরোজাকে জানাবেন।
৪	প্রজেক্ট হেলথ স্ক্রীনিং এড রোগীদেরকে বলেছেন যে হেলথ্ স্ক্রীনিং নামক একটি প্রজেক্ট হোয়াইটচ্যাপেলে করা হবে। এই প্রজেক্ট পরিচালনা করবেন ডাঃ চৌধুরি যিনি এ টি মেডিকসের একজন পরিচালক (ডাইরেক্টর) এবং মুসলিম কাউন্সিল অফ ব্রিটেন। এই বিষয়ে আরো তথ্য দেওয়ার জন্য ২৯শে জানুয়ারী বিকাল ৫ টা ৩০ মিনিটে আমাদের সার্জারীতে একটি মিটিঙ্গ অনুষ্ঠিত হবে। এই প্রজেক্ট কেন করা হচ্ছে, ডাঃ চোধুরী সেই মিটিঙ্গে তা	পরবর্তি মিটিঙ্গে অংশগ্রহন করতে ইচ্ছুক হলে রোগীরা সার্জারীকে জানাবেন।

নং	মিটিঙে আলোচনার বিষয়সূচি	কি করা হবে (এ্যাকশন)
	বুঝিয়ে বলবেন। হেলথ্ স্ক্রীনিং প্রজেক্টে সাহায্য করার জন্য আমাদের কিছু স্বেচ্ছাসেবি (ভলান্টিয়ার) দরকার যাদেরকে মসজিদেও যেতে হবে। যারা বিদেশ ভ্রমন করেন এবং যাদের হেপাটাইটিস ও অন্যান্য রোগ হওয়ার ঝুকি রয়েছে তাঁদের জন্যই এই প্রজেক্ট করা হচ্ছে। প্রশ্নঃ একজন রোগী জানতে চেয়েছেন যে এটা কি শুধু পুরুষদের জন্য? উত্তরঃ এসব প্রশ্নের উত্তর ইনফরমেশন বোর্ডে টাঙ্গানো থাকবে। আমাদের অনুরোধ যে, হোয়াইটচ্যাপেল হেলথ্ এর একটি দল স্বাস্থ্য ও সমৃদ্ধি নিয়ে আপনারা কমিউনিটির অন্যান্য সদস্যদের সাথে কথা বার্তা বলুন। একজন রোগী স্বাস্থ্য বিষয়ক সেমিনার ও কর্মসূচীর ব্যবস্থা করার জন্য এবং পেশেন্ট বোর্ডে এই বিষয়ে তথ্য দেওয়ার জন্য অনুরোধ করেছেন।	
৫	<u>আলোচনার অন্যান্য বিষয় (এওবি)</u> পরিবার পরিকল্পনা প্রশ্নঃ একজন রোগী জানতে চেয়েছেন যে পরিবার পরিকল্পনার ব্যাপারে উপদেশ পেতে হলে তাঁদেরকে কোথায় যেতে হবে? উত্তরঃ এই সার্জারীতে নার্স পরিবার পরিকল্পনা সংক্রান্ত উপদেশ দিয়ে থাকেন; রোগীরা যদি এই বিষয়ে অন্য কোথাও উপদেশ নিতে যেতে চান তবে যে সব স্থানে এই জাতীয় উপদেশ দেওয়া হয় সেসব স্থানের সাথে যোগাযোগ করার বিস্তারিত তথ্য আমাদের কাছে আছে। ক্লিনিকগুলির তালিকার জন্য রিসেপশনে খোঁজ নিন। প্রশ্নঃ একজন রোগী জানতে চেয়েছেন যে এই সার্জারীতেই পরিবার পরিকল্পনার ব্যাপারে একটি স্টল রাখলে কেমন হয়। উত্তরঃ আমরা এটা করতে পারবো। এই বিষয়ে সচেতনতা বৃদ্ধি দিবসের তারিখ গুলি আমরা নোটিশ বোর্ডে টাঙ্গাবো	
৬	<u>পরবর্তি মিটিঙ্গের তারিখ</u> ১২ই মার্চ ২০১৫	